গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

স্মারক নম্বর: ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০০২.২৫. ১৪৮৬

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

## নিয়োগপত্র

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর রাজস্বখাতের শূন্য পদে নিম্নছকে উল্লিখিত ০১ (এক) জন প্রার্থীকে অপেক্ষমাণ তালিকা থেকে মেধাক্রমানুসারে **'সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)'** পদে জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী ৯ম গ্রেডে (টাকা ২২০০০-৫৩০৬০) বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ বর্ণিত শর্তাধীনে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | প্রার্থীর নাম, রোল নম্বর, জন্ম তারিখ ও পিতার নাম | প্রার্থীর বর্তমান ঠিকানা | প্রার্থীর স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| (১) | জনাব আল মামুন সরকার<br>রোল নম্বর: 12000338<br>জন্ম তারিখ: ২৫-০৯-১৯৯৮<br>পিতা: জনাব মোঃ কাজিম উদ্দিন সরকার | বাড়ি নং- ২৬১, ওয়ার্ড নং- ০৩<br>বানিয়াছল, নরসিংদী পৌরসভা<br>উপজেলা: নরসিংদী সদর<br>জেলা: নরসিংদী-১৬০০ | বাড়ি নং- ২৬১, ওয়ার্ড নং- ০৩<br>বানিয়াছল, নরসিংদী পৌরসভা<br>উপজেলা: নরসিংদী সদর<br>জেলা: নরসিংদী-১৬০০ |

**(২) নিয়োগের শর্তাবলী:**

(ক) নিয়োগকৃত প্রার্থী আগামী ০৭ জুলাই ২০২৬ তারিখ, মঙ্গলবার, সকাল ৯:০০ টায় নির্বাহী পরিচালক (প্রশাসন), বেপজা কমপ্লেক্স, বাড়ি নং-১৯/ডি, রোড নং-০৬, ধানমন্ডি, ঢাকা বরাবর যোগদান করবেন। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) নিয়োগকৃত প্রার্থীর চাকরি তার যোগদানের তারিখ থেকে কার্যকর হবে;

(গ) প্রার্থীকে CBC, RBS, CXR, Hbs Ag, VDRL, HIV, X-ray chest P/A view, Urine for DA Health screening profile পরীক্ষাসমূহ সম্পাদনপূর্বক সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঘ) নিয়োগকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঙ) নিয়োগকৃত প্রার্থীর চাকরি বেপজা কর্মচারী প্রবিধানমালা, ১৯৯০ মোতাবেক পরিচালিত হবে;

(চ) প্রাথমিক পর্যায়ে নিয়োগকৃত প্রার্থী-কে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকতে হবে। কর্তৃপক্ষ শিক্ষানবিসির মেয়াদ বৃদ্ধি করতে পারবেন। শিক্ষানবিসির মেয়াদ চলাকালীন কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ৩০ (ত্রিশ) দিনের নোটিশ অথবা এক মাসের মূল বেতন প্রদান করে উভয় পক্ষই চাকরিচ্যুত/চাকরি ত্যাগ করতে পারবেন;

(ছ) শিক্ষানবিসকালে কোন শিক্ষানবিসের কাজ নিয়োগকারী কর্তৃপক্ষ যদি অসন্তোষজনক মনে করে, তা হলে শিক্ষানবিসকাল শেষ হওয়ার পূর্বে উক্ত শিক্ষানবিসকে চাকরি হতে এক মাসের নোটিশে অপসারণ করতে পারবেন;

(জ) নিয়োগকৃত প্রার্থী সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করতে ব্যর্থ হলে এবং নির্ধারিত প্রশিক্ষণ সমাপনান্তে বিভিন্ন সময়ে বেপজা কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে না। শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হলে চাকরি স্থায়ীর বিষয়টি লিখিতভাবে জানানো হবে;

(ঝ) নির্বাচিত প্রার্থী আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য বা প্রয়োজনীয় তথ্য গোপন বা কোন জাল সনদ জমা বা বয়স সংক্রান্ত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করলে এবং নিয়োগলাভের পরবর্তী যেকোন পর্যায়ে তা ধরা পড়লে প্রার্থীকে অযোগ্য ঘোষণা ও চাকরিচ্যুতসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

Appt 2026-2

(৩) উপর্যুক্ত শর্তাবলী অনুযায়ী বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর চাকরিতে যোগদান করতে ইচ্ছুক হলে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

22/06/2026

(সমীর বিশ্বাস)
নির্বাহী পরিচালক (প্রশাসন)
(উপসচিব)
ফোন: +৮৮-০২৪১০৬০৮৫২
ইমেইল: ed.admin@bepza.gov.bd

জনাব আল মামুন সরকার
পিতা: জনাব মোঃ কাজিম উদ্দিন সরকার
বর্তমান+স্থায়ী ঠিকানা: বাড়ি নং- ২৬১, ওয়ার্ড নং- ০৩, বানিয়াছল, নরসিংদী পৌরসভা, উপজেলা: নরসিংদী সদর, জেলা: নরসিংদী-১৬০০।

স্মারক নম্বর: ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০০২.২৫.১৪৮৬

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(২) সদস্য (প্রকৌশল/অর্থ/বিনিয়োগ উন্নয়ন), বেপজা, ঢাকা।
(৩) নির্বাহী পরিচালক (নিরাপত্তা/বিনিয়োগ উন্নয়ন/এন্টারপ্রাইজ সার্ভিসেস/রক্ষণাবেক্ষণ)/প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা/নির্বাহী পরিচালক (নিরীক্ষা/জনসংযোগ)/নির্বাহী পরিচালক (সংযুক্ত)/নির্বাহী পরিচালক/প্রধান প্রকৌশলী, বেপজা, ঢাকা।
(৪) নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা **(নিয়োগপত্রটি বেপজার ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**
(৫) নির্বাহী পরিচালক, বেপজা অর্থনৈতিক অঞ্চল-২, মীরসরাই/চট্টগ্রাম ইপিজেড/আদমজী ইপিজেড/কর্ণফুলী ইপিজেড/ঢাকা ইপিজেড/কুমিল্লা ইপিজেড/নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), মোংলা ইপিজেড/ঈশ্বরদী ইপিজেড/উত্তরা ইপিজেড।
(৬) প্রকল্প পরিচালক, বেপজা অর্থনৈতিক অঞ্চল-১, মীরসরাই/পটুয়াখালী ইপিজেড প্রকল্প/যশোর ইপিজেড প্রকল্প/বেপজার অধীন ইপিজেডসমূহে ০৮ (আট) টি ০৬ (ছয়) তলা কারখানা ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প।
(৭) অতিরিক্ত নির্বাহী পরিচালক (নিরাপত্তা ও গোয়েন্দা/সাধারণ সেবা), বেপজা, ঢাকা।
(৮) উপপ্রধান চিকিৎসা কর্মকর্তা, বেপজা, ঢাকা।
(৯) নির্বাহী চেয়ারম্যানের একান্ত সচিব, বেপজা, ঢাকা (নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১০) পরিচালক-১ (প্রশাসন), বেপজা, ঢাকা।
(১১) সহকারী সমন্বয় কর্মকর্তা, নির্বাহী পরিচালক (প্রশাসন), বেপজা, ঢাকা।
(১২) নথি/ব্যক্তিগত নথি।

22/06/26

(মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)